



কৃষি সম্প্রসারণ সেবায় জেভার ও পুষ্টিতে সমন্বয়করণ

একটিভিটি শিট

মার্চ - ২০১৬

জেভার বিষয়ে প্রচলিত কাল্পনিক ধ্যান-ধারণা যাচাই করা

সময় :

৬০ - ৯০ মিনিট

প্রয়োজনীয় উপকরণ :

ফ্লিপ চার্ট পেপার, মার্কার, টেপ



ভূমিকা


জন্মগতভাবে নারী ও পুরুষের মধ্যে লিঙ্গ বিষয়টি নির্ধারিত হয়ে থাকে। জেভার হলো সামাজিক-সাংস্কৃতিক বিষয়ের ভিত্তিতে নির্ধারিত নারী-পুরুষের ভূমিকা এবং সেই সাথে পরিবার, সহকর্মী, স্কুল, ধর্মীয় প্রতিষ্ঠান ইত্যাদি সামাজিক প্রতিষ্ঠানের মাধ্যমেও এই ভূমিকা নির্ধারিত হয়ে থাকে। এটা সত্য যে, আমরা জন্মগতভাবে নারী বা পুরুষ হয়ে জন্মগ্রহণের পর সেটার কোন পরিবর্তন করতে পারি না কিন্তু তা সত্ত্বেও সময় ও সাংস্কৃতিক প্রেক্ষিতে জেভারের ভূমিকা পরিবর্তন হতে পারে। সামাজিক ও সাংস্কৃতিক ভাবে নির্ধারিত নিয়মনীতির ভিত্তিতে নারী বা পুরুষ তাদের আচরণ ও কর্মপদ্ধতি কি হবে, সেটা শিখে নেয়। জেভার বিষয়ক প্রচলিত ধ্যান-ধারণার প্রতি সচেতনতা সৃষ্টি করা এবং নারী-পুরুষের মাঝে এর প্রভাব কেমন তা বিবেচনা করে সম্প্রসারণ সেবা প্রদানকারীরা এর প্রতিবন্ধকতা সমূহ বিবেচনা করে সম্পদ ও তথ্যের উপর নারী-পুরুষের ন্যায়সংগত অধিকার ও এর নিয়ন্ত্রণ নিশ্চিত করার পরামর্শ দিতে পারে।

উদ্দেশ্য

১. নারী ও পুরুষের আচরণ ও অভ্যাস লক্ষ্য করে তাদের কার জন্যে কোন আচরণ ও অভ্যাস যথাযথ বা অনুপযোগী সেটি ঠিক করতে সহায়তা করা।
২. জেভার বিষয়ক প্রচলিত কাল্পনিক ধারণার উৎস এবং নারী-পুরুষ-বালক-বালিকার মধ্যে এর প্রভাব পরীক্ষা করা।

ধাপসমূহ

১. অংশগ্রহণকারীদেরকে তাদের বয়স অনুযায়ী ছোট থেকে বড় তিনটি গ্রুপে ভাগ করা, এ সময় কোন কথা না বলে নিরবতা পালন করতে হবে।
২. তাদেরকে নিচের নির্দেশাবলী জানাতে হবে :-
ছোট ছোট দলের পুরুষরা অভিনয় করে দেখাবে যে, একজন মহিলা / বালিকা কি ধরনের আচরণ করে আবার মহিলারা অভিনয় করে দেখাবে যে, একজন পুরুষ / বালক কি ধরনের আচরণ করে। এটি একটি ইঙ্গিতপূর্ণ মুকাভিনয় হবে যাতে কোন কথা থাকবে না, ব্যক্তির ব্যবহারকে অভিনয়ের মাধ্যমে প্রকাশ করতে হবে।
৩. প্রতি গ্রুপকে ১০-১৫ মিনিট সময় দিতে হবে যাতে তারা যে চরিত্রে অভিনয় করতে চায় সেটি ঠিক করতে পারে। এরপর একে একে



দলগুলোকে তাদের নীরব অভিনয় দেখানোর জন্যে ডাকতে হবে, যেন তারা যে চরিত্রে অভিনয় করছে, সেটি ফুটিয়ে তুলতে পারে।

৪. যখন গ্রুপের সবার অভিনয় করা শেষ হয়ে যাবে তখন সব অংশ গ্রহনকারীদেরকে নিয়ে গোল হয়ে বসে নিচের প্রশ্নগুলো করতে হবে তাদের উত্তরগুলো একটি ফ্লিপ চার্টে লিখে রাখতে হবে :
- কোথা থেকে এই কাল্পনিক বা পূর্ব ধারণা এসেছে ?
- কোন ধারণাটি নারীর ক্ষেত্রে সবচেয়ে বেশী ক্ষতিকর ?
- কোন ধারণাটি পুরুষের ক্ষেত্রে সবচেয়ে বেশী ক্ষতিকর ?
- কোন ধারণাটি বালকের ক্ষেত্রে সবচেয়ে বেশী ক্ষতিকর ?
- কোন ধারণাটি বালিকাদের ক্ষেত্রে সবচেয়ে বেশী ক্ষতিকর ?
- তাদের প্রত্যেকের জন্যে কোন ধারণাগুলো ভাল / সাহায্যকারী ?
- পুরুষ বা নারী কৃষকের সাথে কাজ করার সময় এই ধারণাগুলোকে কিভাবে প্রয়োগ করা হবে ?

যে ভূমিকাগুলোতে অভিনয় করা হয়েছে সেখানে নারী-পুরুষের ক্ষমতার ব্যবহারে কোন কোন ক্ষেত্রে সঠিক/ যথাযথ হয়েছে আর কোন কোন ক্ষেত্রে সঠিক হয়নি ?

নারী চরিত্র ও পুরুষ চরিত্র এর মধ্যে কোন চরিত্রে অভিনয় করাটা সহজ ও কোনটি কঠিন ছিল ?

কোন আচরণটি ক্ষমতা চিহ্নিত করার ক্ষেত্রে লক্ষণীয় ?

একজন সম্প্রসারণ সেবা প্রদানকারী হিসেবে নারী ও পুরুষ কৃষকের সাথে কাজ করার সময় আপনার কোন আচরণ বা কাজ আপনার ক্ষমতার মাত্রা নির্দেশ করে ?

সম্প্রসারণ সেবা প্রদানকারী হিসাবে আপনার কি ক্ষমতা আছে ?

৫. অংশগ্রহনকারীদেরকে প্রশ্ন করার মাধ্যমে এই কাজের সারমর্ম যাচাই করুন :

আপনি কোন পদ্ধতিতে এবং কাদের জন্য এই কার্যক্রম বাস্তবায়ন করতে পারেন ? আপনি এখানে কি পরিবর্তন আনতে চান ?

Resources

INGENAES (2015) Introductory Workshop on Integrating Gender and Nutrition with Agricultural Extension Services. Facilitator's Guide. <http://dev.ingenaes.illinois.edu/wp-content/uploads/Gender-and-Nutrition-Facilitators-Guide.pdf>

Nyalunga, Dumisani (2007) Dispelling the Misconceptions and Myths about Gender. International NGO Journal Vol. 2 (1), pp. 001-005, January 2007. <http://ddp.org.za/information-material/articles/Dispelling%20the%20Misconceptions%20and%20Myths%20about%20Gender.pdf/view>

বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি) কর্তৃক বাংলায় অনূদিত



Designed to be shared.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 Unported License.

creativecommons.org/licenses/by/3.0

Prepared by Jan Henderson
University of Illinois at Urbana-Champaign

Photo Credits: Jan Henderson,
Bangladesh August 2015